

রাজশাহী মহানগরীর সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ভর্তি ফরমের মূল্য ১৭০/- (একশত সত্তর) টাকা।

ভর্তির আবেদনের সময়: আগামী ৩০/১১/২০১৭ খ্রিঃ দিবাগত রাত ১২.০০টা থেকে ১২/১২/২০১৭ খ্রিঃ রাত ১২.০০ মিনিট পর্যন্ত ১৭০.০০ টাকা ফি পরিশোধ করে নিম্নোক্ত অনলাইন ঠিকানা <http://gssadmission.net> তে আবেদন করা যাবে। ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলি একই ওয়েব সাইটে পাওয়া যাবে।

বিদ্যালয়ে কোন ভর্তির আবেদন ফরম পাওয়া যাবে না।

উপযুক্ত প্রমাণ থাকা সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি, প্রতিবন্ধী শিশু ও শিক্ষক কর্মচারী কোটার নির্ধারিত আসন সংরক্ষিত থাকবে।

মুক্তিযোদ্ধা কোটা

মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যা পাওয়া না গেলে পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে।

প্রাইমারী কোটা

ষষ্ঠ শ্রেণিতে মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

প্রতিবন্ধী কোটা

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য নূন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এক্ষেত্রে প্রতিবন্ধিতার ধরণ উল্লেখ করতে হবে এবং প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ণ দাখিল করতে হবে।

শিক্ষক-কর্মচারী ও অন্যান্য কোটা

শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সন্তান এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে কেবল সংশ্লিষ্ট কর্মস্থলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নূন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক অনুবিভাগের প্রত্যয়ন দাখিল করতে হবে।

বি: দ্র: শিক্ষক-কর্মচারী কোটা বলতে মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক কর্মচারীদের সন্তানকে বোঝাবে।

সকল প্রকার কোটার জন্য যথাযথ প্রমাণাদি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

লটারী ও ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ

১ম শ্রেণি: লটারী আগামী ১৭/১২/২০১৭ তারিখ, রোজ: রবিবার সময়: সকাল ১০.৩০ টায় গভ: ল্যাবরেটরী হাইস্কুলে অভিভাবকদের উপস্থিতিতে অনুষ্ঠিত হবে।

৩য় শ্রেণি: পরীক্ষা ১৮/১২/২০১৭ খ্রিঃ, সোমবার, সময়: বেলা ৩টা থেকে ৪টা।

৬ষ্ঠ শ্রেণি: পরীক্ষা ১৮/১২/২০১৭ খ্রিঃ, সোমবার সময়: সকাল ১০টা থেকে ১২টা।

নবম শ্রেণি: জে.এস.সি/জে.ডি.সি পরীক্ষা ২০১৭ এর ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ডের মেধাক্রম অনুসারে ভর্তি করা হবে। তবে শিক্ষার্থীকে ০১/১২/২০১৭ হতে অন্যান্য শ্রেণির ন্যায় অন-লাইনে ফরম পূরণ করতে হবে।

পরীক্ষার নম্বর বণ্টন ও সময়

ক. তৃতীয় শ্রেণির পরীক্ষার পূর্ণমান ৫০; (বাংলা ১৫, ইংরেজী ১৫, গণিত ২০), সময়-১ ঘণ্টা
খ. ষষ্ঠ শ্রেণির পরীক্ষার পূর্ণমান ১০০; (বাংলা ৩০, ইংরেজী ৩০, গণিত ৪০), সময়-২ ঘণ্টা

শূন্য আসন সংখ্যা

ক্রম	বিদ্যালয়ের নাম	শ্রেণিভিত্তিক শূন্য আসন সংখ্যার বিবরণ							
		প্রথম		তৃতীয়		ষষ্ঠ		নবম	
		বালক	বালিকা	বালক	বালিকা	বালক	বালিকা	বালক	বালিকা
১.	কলেজিয়েট স্কুল	X	X	২০০	X	৩০	X	৩০ (দিবা)	X
২.	গভ: ল্যাব. স্কুল	X	X	১১০	X	১২	X	০৪	X
৩.	হাই মাদ্রাসা	৪০		১৫	X	১৫	X	১০	X
৪.	সিরোইল	X	X	১০০	X	৫০	X	২৫	X
৫.	পি.এন	X	X	X	১৮০	X	২০	X	২০ বিজ্ঞান (দিবা)
৬.	হেলেনাবাদ	X	X	X	X	X	১৬৫	X	৩০ বিজ্ঞান
মোট		৪০		৪২৫	১৮০	১০৭	১৮৫	৬৯	৫০
সর্বমোট		প্রথম=৪০ জন		তৃতীয়=৬০৫		ষষ্ঠ=২৯২		নবম=১১৯	
মোট শূন্য আসন সংখ্যা=১০৫৬									

বি: দ্র: যথা সময়ে ভর্তি পরীক্ষার কেন্দ্র ও রোল রেঞ্জ পত্রিকার মাধ্যমে প্রচার করা হবে।

স্বা/-

(তৌহিদ আরা)

প্রধান শিক্ষিকা

সরকারি পিএন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী

ও

সদস্য সচিব

ভর্তি পরীক্ষা কমিটি ২০১৮